

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থ বিভাগ  
উন্নয়ন শাখা-১

নং- অম/অবি/উন্নয়ন-১/বিবিধ-৭২/০১/৩৬১

তারিখ :- ৫/১১/২০০১

সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে এখন হইতে সকল মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর এবং স্বায়ত্তশাসিত সংস্থাকে সরকারের/সংস্থার নিজস্ব অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের জন্য (সাপ্রায়ার্স ক্রেডিট সহ) বা রাজস্ব বাজেটের আওতায় এক মিলিয়ন \* মার্কিন ডলার বা তদুর্ধ্ব বৈদেশিক মুদ্রা ব্যয়/এলসি খোলার পূর্বে নিম্নবর্ণিত বাছাই কমিটির সুপারিশ গ্রহণ করিতে হইবে :

- |   |   |         |
|---|---|---------|
| (১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক               | : | আহবায়ক |
| (২) সদস্য, প্রোগ্রামিং<br>পরিকল্পনা কমিশন | : | সদস্য   |
| (৩) সচিব, অর্থ বিভাগ,<br>অর্থ মন্ত্রণালয় | : | সদস্য   |
| (৪) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ     | : | সদস্য   |

অর্থ বিভাগ বাছাই কমিটির সাচিবিক সহায়তা প্রদান করিবে। এই বিষয়ে সকল প্রস্তাব যথাসময়ে অর্থ বিভাগে প্রেরণ করিতে হইবে।

স্বাক্ষর/

(শেখ এ. কে. মোতাহার হোসেন)  
উপ-সচিব(উন্নয়ন)।

- (১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক।
- (২) সদস্য(প্রোগ্রামিং), পরিকল্পনা কমিশন।
- (৩) সচিব, অর্থ বিভাগ।
- (৪) সচিব, সকল মন্ত্রণালয়/বিভাগ।

\* অর্থ বিভাগের ০১/০৭/২০০৪ তারিখের আদেশে উহা সংশোধন করে ৫ (পাঁচ) মিলিয়ন ডলার করা হয়েছে (সংলগ্নী-৪৩)।